



তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী  
লিমিটেড

[www.titasgas.org.bd](http://www.titasgas.org.bd)

তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম  
এভিনিউ, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-  
১২১৫



নম্বর: ২৮.১৩.০০০০.৩২৮.৯৯.০০৯.২২.১০০৮

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯

৩০ নভেম্বর ২০২২

দপ্তরাদেশ নং-৬৭/২০২২

বিষয়ঃ কোম্পানির বাণিজ্যিক, শিল্প, ক্যাপটিভ পাওয়ার, সি এন জি ও অন্যান্য গ্রাহকদের মিটার প্রতিস্থাপন প্রসঙ্গে।

১। “গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪” অনুসরণে এবং সামগ্রিকভাবে বাংলাদেশের আর্থ-সামাজিক-সাংস্কৃতিক (Socio-Economic- Cultural) বিষয়াদি বিবেচনায় টারবাইন, রোটারী ও ডায়ালগ্রাম মিটারের মেয়াদ মিটারের প্রস্তুতকাল থেকে ১০ (দশ) বছর বা মিটার গ্রাহক আজিনায় স্থাপনকাল হতে ০৭ (সাত) বছর বিবেচনা করতে হবে। মিটার গ্রাহক আজিনায় প্রথম কবে স্থাপন করা হয়েছে, সে সংক্রান্ত তথ্য সিস্টেম/ডাটাবেজে সংরক্ষণ এবং সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক সিস্টেম/ডাটাবেজ থেকে তা সংগ্রহ করতে পারার বিষয়টি আইসিটি ডিভিশন নিশ্চিত করবে;

২। কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ১০ (দশ) বছর মেয়াদ অতিক্রান্ত হয়েছে এমন মিটার এমইএসডি’র টিএলকিউসি শাখার পরীক্ষায় পুনঃব্যবহার উপযোগী পাওয়া গেলে তা নিম্নলিখিত বিষয়াদি নিশ্চিতকরণ/শর্তাদি প্রতিপালন সাপেক্ষে গ্রাহক আজিনায় পুনঃব্যবহার করবে:

- মিটারের মূল সীল, বডি, ইনডেক্স ও রোটর অক্ষত থাকলে;
- গ্রাহক আজিনা ব্যবহারের পূর্বে প্রয়োজনীয় সিকিউরিটি সিল স্থাপন;
- সিকিউরিটি সিল স্থাপনের পর মিটারের সঠিকতা (Pretest) পরীক্ষণ;
- মিটার স্থাপন ও কমিশনিং রিপোর্ট/ তথ্যাদি বিপণন বিভাগসমূহ কর্তৃক গুরুত্ব সহকারে সংরক্ষণ;
- সিস্টেম ডাটাবেজে Reused Meter হিসেবে চিহ্নিতকরণ;

৩। মিটারের মেয়াদ ১০ (দশ) বছর অতিক্রান্ত হওয়ার পূর্বে মিটার বিকল হলে কিংবা দীর্ঘ সময় ভান্ডারে মিটার মজুদ থাকার কারণে প্রকৃত অপারেশনাল সময় কম হলে টিএলকিউসি শাখার মাধ্যমে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ করত: বিভিন্ন সাইজের রোটারী মিটার পুনঃব্যবহার উপযোগী করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৪। ডায়াফ্রাম মিটারের **Maximum Working Pressure 0.5 bar-g/7.25 psi-g** হওয়ায় অনুমোদিত বহিঃচাপ ০৫ (পাঁচ) পিএসআইজি এবং এর অধিক বহিঃচাপ বিশিষ্ট গ্রাহক প্রতিষ্ঠানের ক্ষেত্রে ডায়াফ্রাম মিটারের পরিবর্তে রোটারী মিটার ব্যবহার করবে;

৫। বিপণন বিভাগসমূহ কর্তৃক **Manufacture's Installatoin, Operation & Maintenance (IOM) Manual/ Vulletine/Guideline** অনুসরণে টারবাইন ও রোটারী মিটার স্থাপন, রক্ষণাবেক্ষণ ও **Lubrication** এর ব্যবস্থা গ্রহণ করবে;

৬। **Inventory Management** এর সামগ্রিক প্রক্রিয়ায় **First-In-First-Out (FIFO)** পদ্ধতি প্রয়োগের পাশাপাশি **Cost of Stock out, Buffer Stock, Demand During Lead Time** ইত্যাদি বিবেচনা করত: **Economic Order Quantity ও Re-Order Point** নির্ধারণ করার লক্ষ্যে এমইসিডি, ভান্ডার ও ক্রয় বিভাগের মাধ্যমে সমন্বিতভাবে ব্যবস্থা গ্রহণ করবে;

৭। বিপণন বিভাগ কর্তৃক অন্তত প্রতি ০৩ (তিন) মাসে ০১ (এক) বার ইভিসি ডাটা ডাউনলোড, পরিবীক্ষণ ও ব্যাটারীসহ ইভিসি'র সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করত: “প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য **Electronic Volume Corrector (EVC)** মিটার স্থাপনের গাইডলাইন” অনুসরণে প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবে।

৮। এতদসংক্রান্ত ইতঃপূর্বে জারিকৃত দপ্তরাদেশ-৪৫/২০১১ তারিখ ২৯/১১/২০১১ বাতিল করা হলো।

৯। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।



৩০-১১-২০২২

সারওয়াজ জাহান

উপমহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৫৫০১২৭০৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৪২২৫০, ৮৮-২-৯১২০৫১৩

ইমেইল:

[titasgas.adm@gmail.com](mailto:titasgas.adm@gmail.com)

নম্বর: ২৮.১৩.০০০০.৩২৮.৯৯.০০৯.২২.১০০৮/১(২৯১)

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২৯

৩০ নভেম্বর ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১) মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ২) মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৩) মহাব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৪) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৫) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৬) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৭) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৮) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৯) ব্যবস্থাপক (হিসাব)- সকল
- ১০) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ১১) অফিস কপি



৩০-১১-২০২২

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব)